

জেলা সরকারি গণগ্রন্থাগার  
চাঁপাইনবাবগঞ্জ  
chapai.dgpl@gmail.com

## সেবার ধরণ

### ক) রিডিং সার্ভিসঃ

গণগ্রন্থাগারে বসে যে কোন পাঠ্য সামগ্রী পড়ার সুবিধা রাখা হয়েছে। এখানে আরামদায়কভাবে বসে যে কোন পাঠক কোন প্রকারের সমস্যা ছাড়াই তাঁর কাজিত পাঠ্য সামগ্রী নির্বাচন করে নির্বিঘ্নে পড়তে পারবে এমন সুন্দর একটি পাঠকক্ষ প্রস্তুত রাখা হয়েছে। বাংলাদেশের যে কোন নাগরিক এই রিডিং সেবা গ্রহণ করতে পারবে। রিডিং সেবার জন্য কোন চার্জ প্রদান বা সদস্য হওয়ার প্রয়োজন নেই। এটি একটি ফ্রি সেবা। একজন জুনিয়র লাইব্রেরিয়ান, একজন লাইব্রেরি এ্যাসিস্ট্যান্ট ও একজন অফিস সহায়কের মাধ্যমে এ সেবা প্রদান করা হয়। এ সেবার সার্বিক দায়িত্বে নিয়োজিত আছেন লাইব্রেরিয়ান।

## খ) রেফারেন্স সার্ভিসঃ

যে কোন পেশার মানুষের ও সকল ধরনের নাগরিকের তাঁর চাহিদাকৃত যে কোন তথ্য বা পাঠ্য উপকরণের চাহিদা পূরণের জন্য গণগ্রন্থাগার এই রেফারেন্স সেবা প্রদান করে থাকে। এই সেবা মৌখিকভাবে, টেলিফোনে বা লিপিবদ্ধ আকারেও প্রদান করা হয়ে থাকে। এক্ষেত্রে ছোট আকারের তথ্যের জন্য মৌখিক বা টেলিফোন মাধ্যম এবং বড় আকারের তথ্যের জন্য লিপিবদ্ধ আকারে তথ্য প্রদান করা হয়। এটি একটি বিশেষায়িত তথ্যজ্ঞাপন সেবা। এ সেবার সার্বিক দায়িত্বে নিয়োজিত আছেন জুনিয়র লাইব্রেরিয়ান ও লাইব্রেরিয়ান।

### গ) পুস্তক লেনদেন সার্ভিসঃ

পুস্তক লেনদেন সেবা শুধুমাত্র গণগ্রন্থাগারের নিবন্ধনকৃত সদস্যদের প্রদান করা হয়। সাধারণত কোন পাঠক যদি বাসায় বই বা অন্যান্য পাঠ্য সামগ্রী নিয়ে পড়তে চাই সেক্ষেত্রে সেই পাঠককে প্রথমে গণগ্রন্থাগারের সদস্য হতে হয় তবেই তিনি পুস্তক লেনদেন সেবা গ্রহণ করতে পারবেন। সদস্য হবার জন্য ১৪ বছর পর্যন্ত শিক্ষার্থীর জন্য ২০০ টাকা, ১৪ বছরের উর্ধ্বের শিক্ষার্থীর জন্য ৩০০ টাকা আর শিক্ষার্থী নয় এমন যে কোন সাধারণ পাঠকের জন্য ৫০০ টাকা প্রদান করে সদস্য হতে হবে। একজন সদস্য ১৫ দিনের জন্য সর্বোচ্চ ০২টি বই ধার নিতে পারবেন। একজন জুনিয়র লাইব্রেরিয়ান/ একজন লাইব্রেরি এ্যাসিস্ট্যান্ট এর মাধ্যমে এ সেবা প্রদান করা হয়। এ সেবার সার্বিক দায়িত্বে নিয়োজিত আছেন লাইব্রেরিয়ান।

## ঘ) ইন্টারনেট সার্ভিসঃ

গণগ্রন্থাগারের সম্পূর্ণ নিজস্ব ব্যবস্থাপনায় ও অর্থায়নে জেলা সরকারি গণগ্রন্থাগার, চাঁপাইনবাবগঞ্জ এর পাঠকক্ষসহ পুরো গণগ্রন্থাগার প্রাঙ্গণ ওয়াইফাই এর আওতায় আনা হয়েছে। যে কোন পাঠক মাত্র ২০০ টাকা বাৎসরিক জামানত প্রদান করে সারা বছর সম্পূর্ণ ফ্রি তাঁর নিজস্ব স্মার্টফোন, আইফোন, ট্যাব ও ল্যাপটপে বসে ইন্টারনেট ব্যবহার করতে পারবে। এছাড়াও কোন পাঠকের কোন প্রকার তথ্যের চাহিদা থাকলে লাইব্রেরিয়ানের কাছে চাহিদাকৃত তথ্যের লিখিত দাবি দাওয়া দাখিল করা সাপেক্ষে তাঁ খোঁজ করার ব্যবস্থা রয়েছে। একজন জুনিয়র লাইব্রেরিয়ান/একজন লাইব্রেরি এ্যাসিস্ট্যান্ট এর মাধ্যমে এ সেবা প্রদান করা হয়। এ সেবার সার্বিক দায়িত্বে নিয়োজিত আছেন লাইব্রেরিয়ান।

### ঙ) ফটোকপি সার্ভিসঃ

প্রয়োজনীয় পুস্তক, সাময়িকী ও পুরোনো পেপার এর ফটোকপির (ফটোকপি মেশিন কার্যক্ষম থাকা সাপেক্ষে) ব্যবস্থা করা হয়েছে। তাছাড়াও পুরোনো পত্রিকা জামানত জমা সাপেক্ষে বাইরে নিয়ে গিয়ে প্রয়োজনমত ফটোকপি করার ব্যবস্থা রয়েছে। একজন অফিস সহায়কের মাধ্যমে এ সেবা প্রদান করা হয়।

### ছ) প্রিন্ট, স্ক্যানিং ও ইমেইল সার্ভিসঃ

প্রয়োজনীয় যে কোন অনলাইন তথ্য নির্ধারিত মূল্যে সীমিত পরিসরে প্রিন্ট করার ব্যবস্থা রয়েছে। তাছাড়াও একান্ত প্রয়োজনীয় ডকুমেন্টে স্ক্যানিং ও ইমেইল করা যাবে। এ সেবার সার্বিক দায়িত্বে নিয়োজিত আছেন লাইব্রেরিয়ান।

উপরোক্ত সেবা প্রদান ছাড়াও স্থানীয় বিভিন্ন গণ্যমান্য ব্যক্তিদের নিয়ে বিভিন্ন জন গুরুত্বপূর্ণ বিষয়ে জন সচেতনতামূলক সভা, সেমিনার ও আলোচনার আয়োজন করা হয়।